# সৌদি আরবসহ ৫ দেশের কাছে ক্ষতিপূরণ চাইল তেহরান



ছবি: সংগৃহীত

সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের পাঁচটি দেশের কাছে ক্ষতিপূরণ দাবি তুলেছে ইরান।

সোমবার (১৩ এপ্রিল) জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং নিরাপত্তা পরিষদের প্রেসিডেন্ট জামাল ফারেস আলরোওয়াইয়ের কাছে পাঠানো এক চিঠিতে এই দাবি জানানো হয়। চিঠিটি পাঠান জাতিসংঘে নিযুক্ত ইরানের প্রতিনিধি আমির সাঈদ ইরাভানি। খবর দিয়েছে আনাদোলু এজেন্সি।

চিঠিতে অভিযোগ করা হয়েছে, সংশ্লিষ্ট দেশগুলো আন্তর্জাতিক আইন ভঙ্গ করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে ইরানে হামলার ক্ষেত্রে সহায়তা দিয়েছে। এর ফলে পুরো উপসাগরীয় অঞ্চলে অস্থিতিশীলতা তৈরি হয়েছে এবং নারী-শিশুসহ বহু মানুষের প্রাণহানি ঘটেছে।

ইরানের পক্ষ থেকে বলা হয়েছে, এই সংঘাতে সৃষ্ট ক্ষয়ক্ষতির জন্য সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, বাহরাইন ও জর্ডান দায়ী। তাই এসব দেশের কাছ থেকেই ক্ষতিপূরণ দাবি করছে তেহরান।

LENS ASIA